

জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী
ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজনের নিমিত্তে “উপজেলা পর্যায়ে বাছাই কমিটি’র”
সভার কার্যবিবরণী:

সভাপতি	: উম্মে তাবাসসুম উপজেলা নির্বাহী অফিসার, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
সভার তারিখ	: ০৪ জুলাই ২০২৩
সভার সময়	: দুপুর ১২:০০ ঘটিকা
সভার স্থান	: উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ
উপস্থিতি	: পরিশিষ্ট “ক”

সভাপতি সভায় উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতি জানান বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর রাজনৈতিক দর্শন, আদর্শ, কর্মজীবনের অনুপ্রেরণা সকল স্তরের ছাত্র-ছাত্রীদের মাঝে ছড়িয়ে দেয়ার নিমিত্তে এ উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরীর প্রতিযোগিতা আয়োজন করার নির্দেশনা রয়েছে। এ বিষয়ে ২২ জুন ২০২৩ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৫১৪.৯৯.০০১.২৩-৪৭১ নং স্মারকে প্রাপ্ত ২০ জুন ২০২৩ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত জাতীয় শোক দিবস-২০২৩ পালন উপলক্ষ্যে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে জেলা ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরী করার প্রতিযোগিতা আয়োজন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি’র সভার কার্যবিবরণী সকলের জ্ঞাতার্থে পাঠ করে শুনানো হয়। অতঃপর এ বিষয়ে বিস্তারিত আলোচনা পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

০১। “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে সুসময় ও সুষ্ঠু প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে তিনটি গুপে শিক্ষার্থীদের বিভক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। গুপসমূহ নিম্নরূপ:

- ক) গুপ-প্রাথমিক ও সমপর্যায়ের শিক্ষার্থী
- খ) গুপ-মাধ্যমিক ও সমপর্যায়ের শিক্ষার্থী
- গ) গুপ-উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় এবং তদুর্ধ্ব শিক্ষার্থী

০২। ভিডিও চিত্র তৈরির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা/নিয়মাবলী প্রতিপালনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ক) ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেন-ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- গ) মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়ি ভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
- ঝ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ঞ) ভিডিও’র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কিংবা সহকারী প্রোগ্রামারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বর-০১৩১৮৩২০১৪১, ০১৭৭০৮৮৪৮৪৫(এপি) ই-মেইল:

unobholahat@mopa.gov.bd or motin@doict.gov.bd (AP)

০৩। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান প্রধান তাদের শিক্ষার্থীদের নিকট থেকে ভিডিও চিত্র সংগ্রহপূর্বক আগামী ১৬ জুলাই ২০২৩ খ্রি. তারিখের মধ্যে “ক”, “খ” ও “গ” গুণের ভিডিও চিত্র জনাব আব্দুল মতিন, সহকারী প্রোগ্রামার, ভোলাহাট এর নিকট জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

০৪। আগামী ১৭.০৭.২০২৩ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময় উপজেলা বাছাই কমিটির মাধ্যমে প্রাপ্ত ভিডিও চিত্রের মধ্যে থেকে ১ম, ২য় ও ৩য় স্থান বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হলো।

০৫। এ কার্যালয় হতে ০৩.০৭.২০২৩ খ্রি. তারিখের ০৫.৪৩.৭০১৮.০০০.০১.০০১.২৩-৭১৯ নং স্মারকে জারীকৃত বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য উপজেলা শিক্ষা অফিসার, ভোলাহাট এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভোলাহাট কে অনুরোধ করা হলো। বর্ণিত বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবসাইটে প্রকাশের জন্য সহকারী প্রোগ্রামার, ভোলাহাট কে অনুরোধ করা হলো।

০৬। আগামী ২০.০৭.২০২৩ খ্রি. তারিখের মধ্যে জেলা কার্যালয়ে ১ম স্থান অর্জনকারীদের নাম এবং ভিডিওসমূহ মেইল/পেন-ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে প্রেরণের নির্দেশনা থাকায় আগামী ১৮.০৭.২০২৩ খ্রি. তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতায় নির্বাচিত প্রতিটি গুণের ১ম স্থান অর্জনকারীদের ভিডিও চিত্র এবং তাদের তথ্য প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামার, ভোলাহাট কে অনুরোধ করা হলো।

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(উম্মে তাবাসসুম)

উপজেলা নির্বাহী অফিসার
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ

ফোন: ৮৮-২৫৮৮৮৯-৬১০১

ই-মেইল: unobholahat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
www.bholahat.chapainawabganj.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭০১৮.০০০.৩২.০১১.২৩.

তারিখ: আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। মাননীয় সংসদ সদস্য-৪৪, চাঁপাইনবাবগঞ্জ-২
- ০২। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৩। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), চাঁপাইনবাবগঞ্জ
- ০৪। উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
- ০৫। উপজেলা ----- অফিসার, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৬। অফিসার ইনচার্জ, ভোলাহাট থানা, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ।
- ০৭। চেয়ারম্যান; ইউনিয়ন পরিষদ, ভোলাহাট/গোহালবাড়ী/দলদলী/জামবাড়ীয়া, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ
- ০৮। জনাব-----
- ০৯। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ